গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়,
ভোলাসদর,ভোলা।
www.cooparative.bhola.sadar.gov.bd

স্মারক নং- ৪৭.৬১.০৯০০.০০০.০৩.৩৪৮.২০.২৫৫

তারিখ: ২৫/০৭/২০২৪খ্রিঃ

# উপজেলা সমবায় কার্যালয়,ভোলাসদর,ভোলা এর সার্বিক তথ্য ও কর্মপরিকল্পনা- ২০২৪-২০২৫

## ➢ উপজেলা সমবায় কার্যালয়,ভোলাসদর,ভোলাএর সার্বিক কাজের সংক্ষিপ্ত তথ্যঃ

উপজেলা সমবায় কার্যালয়, ভোলাসদর,ভোলা জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র হ্রাস করণে সরকারি উদ্যোগ বাস্তবায়নের অন্যতম প্রধান সংস্থা হিসেবে পরিচিতি লাভ করেছে এবং এটি সমবায় অধিদপ্তরের অধীন উপজেলা পর্যায়ের একটি শাখা কার্যালয়। উপজেলা সমবায় কার্যালয়ের প্রধান কর্মকর্তা উপজেলা সমবায় অফিসার নামে অভিহিত। এই কার্যালয়ের আওতাধীন ভোলা সদর উপজেলার দুইজন সহঃ পরিদর্শক,উপজেলা সমবায় দপ্তর,ভোলা সদর, ভোলা কর্মরত আছেন। উপজেলা সমবায় কার্যালয়সমূহের সাংগঠনিক কাঠামো অনুযায়ী মোট অনুমোদিত পদ সংখ্যা ০৫টি, পদস্থ আছেন ০৪ জন। দুগ্ধ প্রকল্প, আশ্রয়ণ প্রকল্প ও সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি বাস্তায়নসহ সমবায় সমিতির নিবন্ধন, বিধিগত বিভিন্ন সেবা, আইনগত পরামর্শ এবং উন্নয়ন ও সম্প্রসারণমূলক কর্মকান্ডের মাধ্যমে সমবায় আন্দোলনকে সহায়তা করা ও জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ তৈরি করা উপজেলা সমবায় কার্যালয়, ভোলা সদর, ভোলা এর মূল কার্যক্রম। উপজেলা সমবায় কার্যালয়, ভোলা সদর,ভোলা এর সার্বিক কার্যক্রমের কিছু সংক্ষিপ্ত তথ্য নিম্নে উল্লেখ করা হলো-

| ক্র: নং | বিবরণ | তথ্য |
|---|---|---|
| ১. | বিভাগীয় কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা | ০৫ টি। |
| ২. | বিআডিবি সমর্থনপুস্ট কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা | ০১ টি। |
| ৩. | বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা | ৪৯৪ টি |
| ৪. | বিআডিবি সমর্থনপুস্ট প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা | ২৬০ টি। |
| ৫. | **সর্বমোট সমবায় সমিতির সংখ্যা** | ৭৬০টি। |
| ৬. | ব্যক্তি সদস্য সংখ্যা | ২৬,৮৫৭ জন। |
| ৭. | শেয়ার মূলধন | ৯১.৫৩ কোটি টাকা। |
| ৮. | সঞ্চয় আমানত | ৩২.৪৮ কোটি টাকা। |
| ৯. | কার্যকরী মূলধন | ৩৯.৯০কোটি টাকা। |
| ১০. | আশ্রয়ণ সমবায় সমিতির সংখ্যা | ১৬ টি। |
| ১১. | পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির সংখ্যা | ০৫ টি। |
| ১২. | বঙ্গমাতা মহিলা সমবায় সমিতির সংখ্যা | ০১ টি। |
| ১৩. | দুগ্ধ প্রকল্পের সংখ্যা | ০১ টি। |
| ১৪ | সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প | ৬০টি গ্রামে ৬০টি সমিতি আছে। |
| ১৬ | লজিক প্রকল্পের আওতায় গঠিত সমিতির সংখ্যা | ১০ টি। |

২৫/৭/২৪

## ➢ সমবায় বিভাগের ইতিহাস ও পূর্বে সম্পাদিত কাজের তথ্যঃ

সমবায় হচ্ছে অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক চাহিদা পূরণের জন্য স্বেচ্ছায় সংগঠিত কিছু সংখ্যক ব্যক্তি কর্তৃক গঠিত সংস্থা বা প্রতিষ্ঠান যা যৌথ মালিকানাধীন এবং গণতান্ত্রিক উপায়ে নিয়ন্ত্রিত ও পরিচালিত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩(খ) অনুচ্ছেদে সম্পদের মালিকানার ক্ষেত্রে সমবায়কে দ্বিতীয় খাত হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। বাংলাদেশ তথা ভারতীয় উপমহাদেশে সমবায় উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত একটি আন্দোলন। হঠাৎ করে বা একদিনে এ আন্দোলন গড়ে ওঠেনি। এর রয়েছে সুপ্রাচীন ইতিহাস ও ঐতিহ্য। ১৮৭৫ সনে দক্ষিণ ভারতে সুদখোর মহাজনদের বিরুদ্ধে কৃষক বিদ্রোহের ফলশ্রুতিতে এক ভয়াবহ দাঙ্গা সংঘটিত হয়। ইংরেজ সরকার নিজেদের স্বার্থেই কৃষকদের সমস্যা সমাধানে এগিয়ে আসে। জার্মানীর রাইফিজেন পদ্ধতির ন্যায় সমবায়ের মাধ্যমে উপমহাদেশের কৃষকদের সমস্যা সমাধান করা যাবে এটি ইংরেজ সরকার বিশ্বাস করে। এ বিশ্বাস থেকে ১৯০৪ সালে জন্ম নেয় সমবায়। কালের পরিক্রমায় কৃষির পাশাপাশি ক্ষুদ্র ব্যবসা, পরবিহন, পর্যটন, কুটিরশিল্প, আবাসন, মৎস্য, দুগ্ধ, সঞ্চয়-ঋণদান, সার্বিক গ্রাম উন্নয়ন, পানি ব্যবস্থাপনা, তাঁত শিল্প ইত্যাদি ৩৫ শ্রেণির বিভিন্ন খাতে সমবায় পদ্ধতির বিস্তার ঘটেছে। স্বাধীনতার পর যুদ্ধবিদ্ধস্ত বাংলাদেশকে পূণর্গঠনের জন্য সর্বকালের সর্বশ্রেষ্ট বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমবায় পদ্ধতিকে গুরুত্ব দিয়েছিলেন। গ্রামীণ অর্থনীতির চাকা সচল করতে গ্রাম সমবায় গড়ার নির্দেশ প্রদান করেছিলেন। স্বাধীনতার পরপরই বাঙালী জাতির সর্বকালের সর্বশ্রেষ্ট সন্তান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমবায়ের গুরুত্ব অনুধাবন করে দেশের প্রত্যেক ইউনিয়নে ইউনিয়নভিত্তিক বহুমুখী সমবায় সমিতির মাধ্যমে দেশের সাধারণ মানুষের কাছে সহজে এবং সুলভ মূল্যে নিত্য প্রয়োজনীয় খাদ্য দ্রব্য এবং কৃষি উপকরণ পৌঁছে দেয়ার ব্যবস্থা করা করার প্রতিশ্রুতি প্রদান করেন। তাছাড়া, দেশের প্রায় প্রত্যেকটি গ্রামে কৃষি সমবায় সমিতি গঠনের মাধ্যমে কৃষকদের সহজ শর্তে ঋণ প্রদান করা হয়েছিল।

## ➢ বিগত তিন বছরে সম্পাদিত কাজের তথ্যঃ

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে জেলা সমবায় কার্যালয়, ভোলা বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থবছরে মোট ৫৮ টি নতুন সমবায় গঠন করা হয়েছে ১১৬০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। বিগত তিন বছরে ৭৭৩ টি নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ১৬০ জন সমবায়ী (পুরুষ) ও ১৪০ জন সমবায়ী (মহিলা) কে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৩২৫ জনের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এ উপজেলায় 'দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, খুলনা ও বরিশাল জেলার দারিদ্র্য হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ১৫৫ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে এবং "উন্নতজাতের মহিষ পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন" শীর্ষক প্রকল্পে ৫৫ জন মহিলাকে স্বাবলম্বি করা হয়েছে। সুবিধাবঞ্চিত জনগোষ্ঠিকে সমবায়ের মাধ্যমে উন্নয়নের লক্ষ্যে ইতোমধ্যেই এ বিভাগে তাদের সমন্বয়ে সমবায় সমিতি গঠন করা হয়েছে। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচির মাধ্যমে ৬০টি সমিতিতে সমিতির কার্যক্রম পরিচালনার জন্য মাসিক ২৫০০/- টাকা সম্মানীর বিনিময়ে প্রতি সমিতিতে ১ জন করে মোট ৬০ জন গ্রামীন মহিলা ও বেকার যুবকের কর্মসংস্থান করা হয়েছে। বিগত তিন বছরে ১৪,০২,১০০/- টাকা অডিট ফি ও ৫,৭৮,৮১০/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

২০/৭/২৪

## ➢ বর্তমানে বিদ্যমান কাজঃ

সমবায় বিভাগ ভোলা বর্তমানে সমবায়ের ভিত্তিতে আত্ম-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বেকারত্ব দূরীকরণ ও দারিদ্র বিমোচন তথা সমবায় আন্দোলনকে বেগবান করার লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছে। উপজেলা সমবায় কার্যালয়, ভোলা সদর,ভোলা এর বর্তমানে বিদ্যমান কার্যক্রমের সংক্ষিপ্ত তথ্য নিম্নে উল্লেখ করা হলো-

১. সমবায় আদর্শে/দর্শনে উদ্বুদ্ধকরণ ও উৎপাদনমুখী সমবায় গঠন;

২. ২২৩টি সমবায়ের নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;

৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;

৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;

৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;

৭. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা;

৮. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠির ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;

৯. সমবায় পন্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;

১০. আশ্রয়ন প্রকল্পের উপকার ভোগীদের মাঝে নিয়মিত ঋণ কার্যক্রম পরিচালনা করা;

১১. দুগ্ধ প্রকল্পের উপকার ভোগীদের মাঝে নিয়মিত ঋণ কার্যক্রম পরিচালনা করা;

১২. প্রকল্পের নির্দেশনা অনুযায়ী সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচির সদস্যদের নিয়মিত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তিতে রূপান্তর, বেকারত্ব দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান;

১৩. বঙ্গমাতা মহিলা সমবায় সমিতির সদস্যদের নিয়মিত প্রশিক্ষণ দিয়ে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;

১৪. বিধি দ্বারা নির্ধারিত অডিট ফি ও সিডিএফ যথাসময়ে আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান;

১৫, বিসিএমএস সফটওয়্যারে নিয়মিত সমিতির তথ্য আপলোড দিয়ে সফটওয়ার সমৃদ্ধ করা;

১৬. জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করা;

১৭. ভ্রাম্যমান প্রশিক্ষনের মাধ্যমে সমবায়ীদের কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদসহ অন্যান্য সরকারি দপ্তরের সাথে সংযুক্ত করা;

১৮. ঝুঁকিপূর্ণ সমিতি চিহ্নিত করণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

১৯. সমবায়ের স্থাবর সম্পত্তি সংরক্ষণ ও ৫০ একরের উর্ধ্বে মালিকানাধীন সমবায়ের প্রজেক্ট প্রোফাইল তৈরী করণ;

২০. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

## ➢ কাজের ক্ষেত্র, সম্ভাব্য ক্ষেত্র, সম্ভাবনা ও সীমাবদ্ধতাঃ

**উপজেলা সমবায় কার্যালয়,ভোলা সদর, ভোলা এর কর্মসম্পাদনের ক্ষেত্র:**

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন;

২. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ;

৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন;

২২/৭/২৪

সমবায় সমিতি সংগঠণ ও পচিালনা করা বাংলাদেশের জনগনের একটি নাগরিক অধিকার। তাই প্রতি বছরই উল্লেখযোগ্য সংখ্যক সমবায় সংগঠিত ও নিবন্ধিত হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে সমবায় বিভাগ, ভোলা কর্তৃক নিবন্ধিত ও পরিচালিত প্রাথমিক সমবায়ের সংখ্যা দাঁড়িয়েছে মোট ৪৯৪ টি। এর মধ্যে কার্যকর সমবায়ের সংখ্যা ২২৩ টি ও অকার্যকর সমবয়েরে সংখ্যা ২৭১টি। এসকল সমবায়ের বার্ষিক বিধিবদ্ধ অডিট, পরিদর্শন, মনিটরিং, তদারকীসহ আইন ও বিধি দ্বারা নির্ধারিত কার্যক্রম পরিচালনাই হচ্ছে জেলা সমবায় কার্যালয়, ভোলা এর কাজের ক্ষেত্র।

**সম্ভাব্য ক্ষেত্র ও সম্ভাবনা:**

ভোলা সদর উপজেলায় ১টি কেন্দ্রীয় ও ২১টি প্রাথমিক মৎস্যজীবী সমবায় সমিতি রয়েছে যার সদস্য সংখ্যা ৫০৬ জন। শেয়ার মূলধন ০.৮০ কোটি টাকা, সঞ্চয় আমানত ১২.৩৩ কোটি টাকা এবং কার্যকরী মূলধন ১৩.১৩ কোটি টাকা। এসকল মৎস্যজীবী সমবায় সমিতিগুলো প্রতি বছর প্রায় ১৫০০ মেট্রিক টন ইলিশ ও অন্যান্য প্রজাতির মৎস্য আহরণ ও বাজারজাত করে থাকে যার বাজার মূল্য প্রায় ৩৫.০০ কোটি টাকা। সমবায়ের মাধ্যমে উৎপাদিত মৎস্য সংরক্ষণ, প্রক্রিয়াজাত ও দেশের বিভিন্ন বাজারে সরবরাহকরণসহ বিদেশে বাজারজাত করার মাধ্যমে বিপুল পরিমান বৈদেশিক মুদ্রা অর্জনের অপার সম্ভাবনা রয়েছে। এছাড়া, ভোলা জেলার ভোলা সদর উপজেলায় একটি মহিষ দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি রয়েছে যেখানে প্রতি বছর প্রায় ৪০০০০ হাজার লিটার মহিষ দুগ্ধ উৎপাদন হয় যার বাজার মূল্য প্রায় ০.৩২ কোটি টাকা। এখানে একটি দুগ্ধ প্রক্রিয়াজাতকরন ইউনিট চালু করতে পারলে দুগ্ধজাত খাদ্যদ্রব্য উৎপাদন ও বিপনণের মাধ্যমে বিপুল পরিমান অর্থ উপার্জন ও দুগ্ধ সমবায়ীদের ভাগ্য উন্নয়নের বিপুল সম্ভাবনা রয়েছে।

**সীমাবদ্ধতাঃ**

এসকল কর্মসূচী বাস্তবায়নে বাস্তবসম্মত উদ্যোগ, সুনির্দিস্ট পরিকল্পনা ও অর্থের উৎস প্রয়োজন। সরকারি পৃষ্ঠপোষকতা ব্যতীত বাস্তবায়ন সম্ভব নয়।

**গৃহীত উদ্যোগঃ**

যথাযথ উদ্যোগ গ্রহণ, বাস্তবসম্মত পরিকল্পনা প্রনয়ণ ও সরকারি পৃষ্ঠপোষকতার মাধ্যমে এসকল প্রকল্প বাস্তবায়ন করা হলে ভোলা জেলার সমবায়ীদেরে আর্থ-সামাজিক উন্নয়ন তথা দেশের জিডিপিতে গুরুত্বপূর্ণ অবদান রাখা সম্ভব হবে।

**কর্মপরিকল্পনাঃ**

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসা, সরকারের বিভিন্ন কর্মসূচী সামনে রেখে সকল দপ্তরের কার্যক্রম সুনির্দিষ্ট করার উদ্যোগ গ্রহণ আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়, ভোলা সদর,ভোলা এর নাগরিক সেবা সহজ করা, ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদানের মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করা এবং সমবায়ের মাধ্যমে নারীসহ সুবিধাবঞ্চিত ও অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ করে বেদে ও হরিজন সম্প্রদায়ের মানুষের সামাজিক পুনর্বাসন, পথ শিশুদের সামাজিক মর্যাদা অর্জনসহ বেকার জনগোষ্ঠীর সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস ও জীবনযাত্রার মান উন্নয়ন এবং ক্ষমতায়ন আগামী অর্থবছরে অন্যতম লক্ষ্য। এছাড়া ভোলা সদর উপজেলায় মৎস্যজীবী সমবায়ের মাধ্যমে একটি মৎস্য প্রজনন, সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরন কেন্দ্র এবং দুগ্ধ সমবায়ের মাধ্যমে একটি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র স্থাপন করাও কর্মপরিকল্পনার আওতায় রয়েছে।

২০/৯/২৪

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২০২৫-এ নির্ধারিত কর্মপরিকলল্পনা নিম্নরূপঃ-

| ক্র: নং | কর্মপরিকল্পনার আওতায় নির্ধারিত কর্মসূচি | লক্ষমাত্রা | বাস্তবায়নের সময়কাল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ | ০.০০১৪ জন | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ২ | নিবন্ধন আবেদন নিষ্পত্তির হার | ১০০% | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ৪ | সমবায়ী সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান (পুরুষ) | ০.০০১৩৫ জন | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ৫ | সমবায়ী সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান (মহিলা) | ০.০০১০ জন | ২০২৪-২০২৫অর্থ বছর | - |
| ৬ | সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | ১৪.০৮.২০২৪ | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ৭ | মডেল সমবায় সমিতি সৃজন | ১ | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ৮ | অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | ১৪.০৮.২০২৪ | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ৯ | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | ১০০% | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ১০ | সমিতি পরিদর্শন সম্পাদিত | ৭০টি | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ১১ | কার্যকর সমিতির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিত | ৯০% | ২০২৪-২০২৫অর্থ বছর | - |
| ১২ | কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিতকৃত | ৫০% | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ১৩ | নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত/ব্যর্থতায় ব্যবস্থা গ্রহণ | ৯০% | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ১৪ | কার্যকর সমিতির নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গৃহীত | ১০০ | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ১৫ | নিরীক্ষা সংশোধনী প্রস্তাব দাখিলকৃত | ৫০% | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ১৬ | নিরীক্ষা ফি আদায়কৃত | ১০০% | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ১৭ | সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | ১০০% | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ১৮ | ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | ১০০ জন | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ১৯ | প্রশিক্ষণার্থী প্রেরিত(পুরুষ/মহিলা) | ১০০% | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |
| ২০ | জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | ১০০% | ২০২৪-২০২৫ অর্থ বছর | - |

২০/০৭/২৪

(মো: মিজানুর রহমান)
উপজেলা সমবায় অফিসার
ভোলা সদর,ভোলা।
ফোন : ০২৪৭৮৮৯৩৬০১
ই-মেইল:
ucobholasadar@gmail.com